ভোরের কাগজ

তারিখ 04 JAN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

27

## অভিভাবকদের সংবাদ সম্মেলন

# ঐতিহ্যবাহী চট্টগ্রাম মেডিকেল কলেজ আজ কিছুসংখ্যক সন্ত্রাসীর হাতে জিম্মি

চট্টগ্রাম অফিস : ঐতিহ্যবাহী চট্টগ্রাম মেডিকেল কলেজ আজ রাজনীতির লেবাসধারী কিছুসংখ্যক সন্ত্রাসীর হাতে জিম্মি। এখানে আমাদের ছেলেমেয়েসহ শিক্ষকদের নিরাপত্তা বিঘ্নিত। এসব সন্ত্রাসীর হুমকির মুখে নিরপেক্ষ নিয়মতান্ত্রিক প্রশাসনিক কার্যকলাপ পরিচালনা করতে ব্যর্থ হচ্ছেন কলেজ কর্তৃপক্ষ। সন্ত্রাসীদের হুমকির মুখে চট্টগ্রাম মেডিকেল কলেজে দুই শতাধিক ছাত্রের শিক্ষাজীবন বিপন্ন হওয়ায় ছাত্রদের অভিভাবকরা গতকাল সোমবার প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন। এতে পরীক্ষা দিতে না পারা তৃতীয় বর্ষের ছাত্র রাজীব হোসেন লতিফের মা আশরাফুন্নাহার বেগম লিখিত বক্তব্য পাঠ করেন।

বক্তব্যে বলা হয়, গত ১৮ অক্টোবর চট্টগ্রাম মেডিকেল কলেজে সংঘটিত দুঃখজনক ও অমানবিক ঘটনার পর ১৩ নভেম্বর কলেজ খুলে দেওয়া হয় চাপের মুখে। গত নভেম্বরে অনুষ্ঠিত প্রথম বর্ষের ফাইনাল পরীক্ষার দ্বিতীয় বর্ষের (পুরোনো) ও পঞ্চম বর্ষের ফাইনাল পরীক্ষায় অংশ নিতে গেলে ছাত্রদল ও ছাত্রশিবিরের সশস্ত্র কর্মীরা তাদেরকে মারধর করে ক্যাম্পাস থেকে বের করে দেয়। কলেজ শিক্ষক বা পুলিশের উপস্থিতি সত্ত্বেও এসব ছাত্র পরীক্ষা দিতে না পারায় তাদের শিক্ষাজীবন বিপন্ন হয়ে পড়েছে।

অভিভাবকরা বলেন, ১৮ অক্টোবরের দুঃখজনক ও অমানবিক হত্যাকাণ্ডের ঘটনার আমরা নিন্দা জানাই। ঐ ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিদের অবশ্যই দেশের প্রচলিত আইনে শাস্তি দেওয়ার বিধান আছে। কিন্তু তা না করে কলেজ কর্তৃপক্ষ পাঁচজন নিয়মিত ছাত্রকে বহিষ্কার করেছেন সন্ত্রাসীদের চাপের মুখে। অভিভাবকরা এ ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য শিক্ষামন্ত্রীর প্রতি আহ্বান জানান এবং মানবাধিকার বাস্তবায়ন সংস্থারও দৃষ্টি আকর্ষণ করেন।